গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়
মুজিবনগর, মেহেরপুর ।

ঐতিহাসিক ৭ই মার্চ দিবস ২০২১ উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সুজন সরকার
উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর, মেহেরপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, মুজিবনগর, মেহেরপুর।
সভার তারিখ ও সময় ঃ ০১.০৩.২০২১ খ্রিঃ, বেলা ১২.০০ ঘটিকা।
সভায় উপস্থিতি ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ঐতিহাসিক ৭ই মার্চ দিবসের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, বাংলাদেশের প্রেক্ষাপটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ভাষণের তাৎপর্য অত্যন্ত গভীর। তাঁর ১৯৭১ সালের ৭ই মার্চের ভাষণের দিনটিকে সরকার প্রথমবারের মত ঐতিহাসিক ৭ই মার্চ দিবস হিসেবে উদযাপন করতে যাচ্ছে। সভাপতি দিবসটি যথাযোগ্য মর্যাদায় জাঁকজমকপূর্ণভাবে উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত জাতীয় কর্মসূচি এবং জেলা প্রশাসক, মেহেরপুর হতে প্রাপ্ত জাতীয় কর্মসূচি সভায় পাঠ করে শোনানো হয়। করোনা ভাইরাস কোভিড-১৯) এর প্রাদুর্ভাব ও বিস্তারের কারণে সৃষ্ট পরিস্থিতিতে সরকারি নিদের্শনার আলোকে যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সাথে এবং স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক 'ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস প্রথমবারের মত উদ্‌যাপনের লক্ষে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচী গৃহীত হয় :

| তারিখ | সময় | কর্মসূচি | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|
| ০৭.০৩.২০২১ | সর্যোদয়ের সময় | সকল সরকারি, বেসরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ভবন ও শিক্ষা প্রতিষ্ঠানসমূহে জাতীয় পতাকা উত্তোলন | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ভবনের মালিক |
| | সকাল ১০.০০ ঘটিকা | বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ<br>স্থান : মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | সকাল ১০.৩০ ঘটিকা | আলোচনা সভা ও পুরস্কার বিতরণী<br>স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ। | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| | বিকেল ৪.৩০ ঘটিকা | বিশিষ্ট সংগীত, শিল্পী, নৃত্যশিল্পীগণের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন।<br>স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ। | উপজেলা শিল্পকলা একাডেমী, মুজিবনগর। |
| ৬, ৭ ও ৮ মার্চ, ২০২১ | সন্ধ্যা ৭.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত | বঙ্গবন্ধুকে নিয়ে ডকুমেন্টারি প্রদর্শনী, চলচ্চিত্র ও আলোকচিত্র প্রদর্শনী | সহকারী প্রোগ্রামার ও তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা, মুজিবনগর। |

| | | |
|---|---|---|
| সুবিধাজনক সময়ে | রচনা প্রতিযোগিতা :<br>বিষয় ঃ ঐতিহাসিক ৭ই মার্চ ও মানবতার মুক্তি<br>গ্রুপ ৩টি :<br>(ক) ৪র্থ শ্রেণি হতে ৫ম শ্রেণি পর্যন্ত<br>(খ) ৬ষ্ঠ শেণি হতে ৮ম শ্রেণি পর্যন্ত<br>(গ) ৯ম শ্রেণি হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত<br>প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরা নিজস্ব ব্যবস্থাপনায় রচনা প্রস্তুত করে "ক গ্রুপ" উপজেলা শিক্ষা অফিসার, মুজিবনগর এবং "খ গ্রুপ" ও "গ গ্রুপ" উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মুজিবনগর জমা প্রদান করবেন।<br><br>বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা :<br>(ক) ৬ষ্ঠ শেণি হতে ৮ম শ্রেণি পর্যন্ত<br>(খ) ৯ম শ্রেণি হতে দ্বাদশ শ্রেণি পর্যন্ত<br><br>চিত্রাঙ্কন প্রতিযোগিতা :<br>(ক) ৬ষ্ঠ শেণি হতে ৮ম শ্রেণি পর্যন্ত | সংশ্লিষ্ট উপ-কমিটি |

ঐতিহাসিক ৭ই মার্চ' দিবস উদযাপন সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ উপ-কমিটি গঠন করা হলো:

(ক) আলোচনা সভা ও পুরস্কার বিতরণী উপ-কমিটি :

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | আহবায়ক |
| ০২ | অফিসার ইন চার্জ , মুজিবনগর থানা। | সদস্য |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৪ | চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ০৫ | উপজেলা মৎস্য অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৬ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মুজিবনগর, মেহেরপুর। . | সদস্য |
| ০৮ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৯ | উপজেলা নির্বাচন অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ১০ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |

(খ) রচনা, চিত্রাঙ্কন এবং ঐতিহাসিক ৭ই মার্চের বঙ্গবন্ধুর ভাষণ প্রতিযোগিতা সংক্রান্ত উপ-কমিটি :

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | আহবায়ক |
| ০২ | উপজেলা শিক্ষা অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৩ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৪ | উপজেলা সমাজসেবা অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৫ | সহকারী প্রোগ্রামার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৬ | একাডেমিক সুপার ভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |

(গ) বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন সংক্রান্ত সার্বিক ব্যবস্থাপনা উপ-কমিটি :

| | | |
|---|---|---|
| ০১ | সহকারী কমিশনার (ভূমি), মুজিবনগর, মেহেরপুর। | আহবায়ক |
| ০২ | অফিসার ইনচার্জ, মুজিবনগর থানা। | সদস্য |
| ০৩ | চেয়ারম্যান (সকল) | সদস্য |
| ০৪ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৫ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ০৬ | উপজেলা প: প: অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৭ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৮ | সভাপতি, প্রেসক্লাব, মুজিবনগর, মেহেরপুর। | সদস্য |
| ০৯ | সাধারণ সম্পাদক, শিল্পকলা একাডেমী | সদস্য |

বিবিধ সিদ্ধান্ত :

(ক) দিবসটি উদযাপনের বিভিন্ন অনুষ্ঠান ও ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণসহ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কর্মময় জীবনের বিভিন্ন ডকুমেন্টারি প্রচার। বাস্তবায়নে : স্বত্ত্বাধিকারী স্থানীয় টিভি ক্যাবল নেটওয়ার্ক।

(খ) ঐতিহাসিক ৭ই মার্চ দিবসে উপজেলা সকল বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণ। বাস্তবায়নে : উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিট, মুজিবনগর।

(গ) সকল ধর্মীয় প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণের উল্লেখযোগ্য দিক তুলে ধরে আলোচনা সভা ও দোয়া মহাফিল। বাস্তবায়নে : সংশ্লিষ্ট প্রতিষ্ঠান।

(ঘ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ সকল ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে চেয়ারম্যান (সকল) প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। সহযোগিতায় : UDC (সকল). মুজিবনগর, মেহেরপুর।

(ঙ) সকল প্রতিযোগিতা ( প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ পর্যায়ের ছাত্র/ছাত্রী) আগামী ০৬.০৩.২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করে ১ম স্থান, ২য় স্থান এবং৩য় স্থান অধিকারীদের নামের তালিকা উপজেলা নির্বাহী অফিসার, মুজিবনগর এর নিকট প্রেরণের ব্যবস্থা (সংশ্লিষ্ট উপ-কমিটি) গ্রহণ করবেন।

(চ) সভায় আরও সিদ্ধান্ত হয় যে, গৃহীত কর্মসূচিসমূহ জরুরী প্রয়োজনে জাতীয় কর্মসূচির সাথে তাৎক্ষনিকভাবে সমন্বয় করা হবে।

(ছ) ঐতিহাসিক ৭ই মার্চ দিবসে কর্মসূচি সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মুজিবনগরকে অনুরোধ করা হয়।

(জ) ঐতিহাসিক ৭ই মার্চ দিবসে কর্মসূচি সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে অফিসার ইনচার্জ, মুজিবনগর থানাকে আইন-শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় গৃহীত সকল কর্মসূচী সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করে এবং উপস্থিত সুধীবৃন্দের উপস্থিতি, মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

02/03/2021

(সুজন সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
মুজিবনগর, মেহেরপুর।

স্মারক নম্বর :০৫.৪৪.৫৭৬০.০০০.২৩.০১৫.২১-৭৮ তারিখ : ০২.০৩.২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

০১। মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয় ও জাতীয় সংসদ সদস্য,৭৩ মেহেরপুর-১।
০২। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারী পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক, মেহেরপুর।
০৫। পুলিশ সুপার, মেহেরপুর।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুজিবনগর।
০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুজিবনগর।
০৮। ....................................................
....................................................

02/03/2021

(সুজন সরকার)
উপজেলা নির্বাহী অফিসার
মুজিবনগর, মেহেরপুর।